গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-০১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৬.০১১.০৩২.২০১৮-**১০৩**

তারিখ: ০৫ বৈশাখ ১৪৩০।
১৮ এপ্রিল ২০২৩।

**বিষয়: মাননীয় হাইকোর্ট বিভাগের রায়/আদেশ বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা পরিষদের রিটকারীদের অফিস সহায়ক পদে নিয়োগের লক্ষ্যে তথ্য প্রেরণ।**

সূত্র: জনাব মো: নুরুল ইসলাম শেখ, রিটকারী অফিস সহায়ক, উপজেলা পরিষদ, গাইবান্ধা সদর, গাইবান্ধা'র স্বাক্ষরিত আবেদন; তারিখ: ০২ এপ্রিল ২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সুত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপজেলা পরিষদে অফিস সহায়ক পদে নিয়োগের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ থেকে প্রদত্ত ছাড়পত্রকে চ্যালেঞ্জ করে গাইবান্ধা জেলার সদর উপজেলা পরিষদ অফিস সহায়ক পদে নিয়োগ পাওয়ার জন্য **জনাব মো: নুরুল ইসলাম শেখ** বাদী হয়ে মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৪০২৩/২০১৫ দায়ের করে। তদপ্রেক্ষিতে মাননীয় আদালত গত ০৮ নভেম্বর ২০১৭ তারিখে নিম্নোক্ত রায়/আদেশ প্রদান করে **(কপি সংযুক্ত)**:

**Accordingly, the Rule is disposed of. The respondents are directed to regularize/absorb the petitioners in the permanent post in their office whenever vacancy arises, if they are otherwise not disqualified.**

২। পরবর্তীতে রিট পিটিশন নং-৪০২৩/২০১৫ এর উদ্ভুত সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং-৩৭৮৭/২০১৮ দায়ের করে। মাননীয় আদালত গত ১৯ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের রায়/আদেশ বহাল রেখেছে **(কপি সংযুক্ত)**।

৩। এমতাবস্থায়, **জনাব মো: নুরুল ইসলাম শেখ, পিতা- মো: আকবর শেখ'কে গাইবান্ধা জেলার সদর** উপজেলা পরিষদে অফিস সহায়ক পদে নিয়োগের বিষয়ে মাননীয় হাইকোর্ট বিভাগের (রিট পিটিশন নং-৪০২৩/২০১৫ এর উদ্ভুত সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং-৩৭৮৭/২০১৮ দায়ের করে। মাননীয় আদালতের গত ১৯ ফেব্রুয়ারি ২০২৩) রায়/আদেশের আলোকে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার লক্ষ্যে নিম্নোক্ত তথ্যাদি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

(ক) রিটকারী উপজেলা পরিষদে কর্মরত ছিল কিনা এবং বর্তমানে কর্মরত রয়েছে কিনা;
(খ) উপজেলা পরিষদ থেকে উক্ত পদে কোন নিয়োগ কার্যক্রম গ্রহণ করা হয়েছে কিনা?
(গ) মাননীয় আদালতের রায়/আদেশ অনুযায়ী রিটকারীকে নিয়োগ পাবার যোগ্য কিনা?
(ঘ) মাননীয় আদালতে এ সংক্রান্ত আর কোন মামলা চলমান আছে কিনা?

১৮/৪/২০২৩

(মাহবুবা আইরিন)
উপসচিব
ফোন: ০২-২২৩৩৮২২৪৭
E-mail: lgdupazila1@lgd.gov.bd

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাইবান্ধা সদর, গাইবান্ধা।

২। উপজেলা নির্বাহী অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা।

অনুলিপি ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। যুগ্মসচিব, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ।
২। জেলা প্রশাসক, গাইবান্ধা।
৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইসচেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাইবান্ধা সদর, গাইবান্ধা।